

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-২৬৪

২৩ ফাল্গুন ১৪২২
তারিখ:-----
০৬ মার্চ ২০১৬

বিষয়: জেলা প্রশাসকের পদ হতে বদলিকৃত কর্মকর্তাগণের সন্তানদের পূর্বতন শিক্ষা-প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৩.০২৭.২৫.০০.০০২.২০১৪(অংশ)-২২৪ তারিখ: ১৯.৮.২০১৫


মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তাদের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি দায়িত্ব যথাযথভাবে পালনের স্বার্থে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ, বিশেষত জেলা প্রশাসকগণের সপরিবার কর্মস্থলে অবস্থানের আবশ্যিকতা রয়েছে। বিষয়টি পরীক্ষা করে দেখা গেছে যে, সাধারণভাবে মফস্বল শহরের তুলনায় ঢাকার প্রতিষ্ঠিত শিক্ষা-প্রতিষ্ঠানসমূহের লেখাপড়ার মান উন্নত। অপরদিকে, জেলা প্রশাসকের পদ হতে বদলির মাধ্যমে ঢাকায় পুনঃপদায়িত কর্মকর্তাগণের সন্তানদের জন্য পূর্বের শিক্ষা প্রতিষ্ঠানে পুনঃভর্তি কষ্টকর। সেজন্য ঢাকা থেকে বদলির পরও কর্মকর্তাদের মধ্যে পরিবার ঢাকায় রেখে দেওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। এ ছাড়াও বিভিন্ন বাস্তব কারণে কোন কোন কর্মকর্তা জেলা প্রশাসক হিসাবে নিয়োগ পেতে আগ্রহী হন না।

০২। জেলা প্রশাসকগণ সপরিবার কর্মস্থলে বসবাস করলে তাঁদের পক্ষে দায়িত্ব পালনে সম্পূর্ণ মনোনিবেশ এবং জনগণকে অধিকতর সেবা প্রদান সম্ভব। তাছাড়া, তাঁদের সন্তান সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করলে অভিভাবক হিসাবে তাঁরা জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নতি তথা শিক্ষার মানোন্নয়নে অধিকতর সক্রিয় ভূমিকা রাখতে আগ্রহী হন। অধিকন্তু, জেলা প্রশাসক-পত্নী সংশ্লিষ্ট জেলায় বসবাস করলে তিনি জেলার শিক্ষা, খেলাধুলা এবং সামাজিক-সাংস্কৃতিক উন্নয়নে নারীর ভূমিকা জোরদার করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারেন।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে, মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসকদের পরিবার তাঁদের কর্মস্থলে রাখার সদয় নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সূত্রোল্লিখিত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৪। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা, ২০১৪ অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারিগণ ঢাকাসহ বিভিন্ন মহানগরে বদলিযোগে ফিরে আসলে সংশ্লিষ্ট মহানগরের স্কুলে তাঁদের সন্তানদের ভর্তির পূর্বস্বত্র (লিয়েন) বহাল থাকে। শিক্ষা মন্ত্রণালয়ের ০৪.০২.২০০১ তারিখের ৪৩ সংখ্যক প্রজ্ঞাপনেও অনুরূপ বিধান রয়েছে। অধিকন্তু, শিক্ষা মন্ত্রণালয়ের ১৫.৫.২০০১ তারিখের ১৫৮ সংখ্যক প্রজ্ঞাপনে যে সব কর্মকর্তা পূর্বে ঢাকায় কর্মরত ছিলেন না এবং যারা ঢাকা থেকে বাইরের কোন জেলা বা উপজেলায় বদলি হবেন, তাঁদের সন্তানদের সংশ্লিষ্ট কর্মস্থলে অবস্থিত বিদ্যালয়ে/মহাবিদ্যালয়ে ভর্তির সুযোগ প্রদানের উল্লেখ রয়েছে। লক্ষ্য করা গেছে যে, অনেক কর্মকর্তা-কর্মচারী এসব বিধান সম্পর্কে অবহিত নন এবং কোন কোন ক্ষেত্রে এগুলি যথাযথভাবে অনুসরণ করা হয় না।

০৫। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত উপর্যুক্ত বিধানাবলি যথাযথভাবে অনুসরণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।



(হাবিবুর রহমান)

উপসচিব

ফোন: ৯৫৭৬৪৮৮

email: gfa_branch@cabinet.gov.bd

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। বিভাগীয় কমিশনার,..... (সকল)।
- ৪। জেলা প্রশাসক,..... (সকল)।